দৈনিক খবর

তারিখ 19 MAR 1992
পৃষ্ঠা ৮ কলাম

40

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহিরাগত শিবির কর্মীর রগ কর্তনঃ পুলিশ কর্তৃক উদ্ধার

।। স্টাফ রিপোর্টার ।।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিবির ও পুলিশের গুলীবর্ষণের ঘটনায় একজন ছাত্র নিহত ও শতাধিক আহত হবার জের হিসেবে গত মঙ্গলবার রাত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ছাত্রী হল থেকে শিবির কর্মীদের বের করে দেয়া হয় এবং অন্যান্য হলে তিনজন শিবির কর্মীকে প্রহার করা হয়েছে। এদের মধ্যে বহিরাগত একজন শিবির কর্মীর পায়ের রগ কেটে দিয়েছে ছাত্ররা। ছুরিকাহত শিবির কর্মীকে উদ্ধার করতে পুলিশ গতকাল শর্ট গানের দু'রাউন্ড ফাঁকা গুলী করে।

জানা গেছে, গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডে মাসুম বিল্লাহ (২৪) নামের একজন সশস্ত্র বহিরাগত শিবির কর্মীকে ছাত্ররা প্রথমে প্রহার করে এবং তার কাছ থেকে প্রাপ্ত ক্ষুর দিয়ে তার পায়ের রগ কেটে দিয়েছে। কাল এগারোটার দিকে মাসুম বিল্লাহ এস এম হলের টিভি রুমে পাকিস্তান-ইংল্যান্ডের খেলা দেখার সময় কিস্তানের সাপোর্ট করে এবং তাদের জয়ে উল্লসিত হলে ছাত্ররা তাকে পরীক্ষা করার জন্য টোপ ফেলে এবং কৌশলে তার পরিচয় উদঘাটন করে। পরে ছাত্ররা তাকে ব্রিটিশ কাউন্সিলের সামনে নিয়ে এসে তার দেহ তল্লাশী করে একটি ক্ষুর উদ্ধার করে। প্রথমে মারধোর এবং পরে তার নিজের ক্ষুর দিয়েই ছাত্ররা তাকে আঘাত করলো দ্রুত পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে উদ্ধার করার জন্য দু' রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করে। এ সময় ছাত্ররা চলে গেলে পুলিশ মাসুম বিল্লাহকে ইবনে সিনা ক্লিনিকে পাঠায়। জানা গেছে, মাসুম বিল্লাহ মাগুরা জেলা ছাত্র শিবিরের 'সাথী' এবং গোপন তথ্য উদ্ধারের জন্য এস এম হলে প্রবেশ করেছিল।

গত মঙ্গলবার রাতে বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল থেকে সাধারণ ছাত্রীরা জামায়াত সমর্থিত ইসলামী ছাত্রী সংস্থা কর্মীদের বের করে দেয়। রাতে হল প্রভোস্ট তাদেরকে তার বাসায় রাখার ব্যবস্থা করে। এদিকে গতকাল কবি জসীমউদ্দিন হলে আরো একজন বহিরাগত ছাত্র শিবির কর্মী প্রহৃত হয়েছে। তবে তার নাম জানা যায়নি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলেও গত পরশু রাতে একজন শিবির কর্মী প্রহৃত হয়ে হল ত্যাগ করেছে।

জানা গেছে, গতকাল সন্ধ্যার পর বিশ্ববিদ্যালয় এলাকায় ৩০ রাউন্ড গুলী বর্ষিত হয়। হলে প্রহরা জোরদার করা হয়েছে।